



“দুটি সন্তানের বেশী নয় একটি হলে ভালো হয়”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ
১৬, আব্দুল গণি সড়ক, ঢাকা-১০০০
e-mail: dmss@dgfood.gov.bd
web: www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০০৫.১৮-২০৭

তারিখঃ ১১/০৩/২০১৮ খ্রিঃ

বিষয় : সড়ক পথে ৭৮০ মেণ্টন গমের চলাচল উপ-সূচি।

সূত্র : ১। চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের ৩১/১২/২০১৭ খ্রিঃ তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৭-৯৪৫(১) নং স্মারক।
২। বাংলাদেশ কেন্দ্রীয় খাদ্য পরিবহণ ঠিকাদার এসোসিয়েশন এর ০৮/০৩/২০১৮ খ্রিঃ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নারায়ণগঞ্জ সাইলো হতে রাজশাহী ও রংপুর বিভাগের বিভিন্ন এলএসডি/সিএসডিতে বিআরটিসি প্রতিষ্ঠানের নামে গমের চলাচল উপ-সূচি সূত্র ১নং স্মারকে জারি করা হয়। উক্ত সূচির মেয়াদ ৩০/০১/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত বলবৎ ছিল। সূচীকৃত মেয়াদের মধ্যে বিআরটিসি প্রতিষ্ঠানের অনুকূলে জারীকৃত সূচির গম পরিবহণে ব্যর্থ হয়। এমতাবস্থায়, নারায়ণগঞ্জ সাইলোতে খালি জায়গা সৃষ্টির লক্ষ্যে এবং বাংলাদেশ কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদার এসোসিয়েশন এর আবেদনের প্রেক্ষিতে বিআরটিসি প্রতিষ্ঠানের অনুকূলে অপরিবাহিত ৭৮০ মেণ্টন গমের অপর পৃষ্ঠায় বর্ণিত ঠিকাদারওয়ারী চলাচল উপ-সূচি নির্দেশক্রমে জারি করা হলো।

পরিবহনের ক্ষেত্রে পালণীয় নির্দেশনাবলী :

- ১। সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো প্রেরক হিসেবে কার্য সম্পাদন করবেন।
- ২। গম পরিবহন, বোঝাই এবং খালাসকালে কোন সমস্যা উদ্ভূত হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষনিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং তুরিং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ সহ খাদ্য অধিদপ্তরকে অবহিত করবেন।
- ৩। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না।
- ৪। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি, ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন।
- ৫। ভি-ইনভয়েসে গমের গুণগতমান ও ধরণ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।
- ৬। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদার ভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুত ও জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রতিস্বাক্ষর পূর্বক ফ্যাক্স যোগে অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৭। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ও ঠিকাদার ভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্স যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।
- ৮। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ তার অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত কর্তকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন।
- ৯। সূচির মেয়াদ আগামী ২২/০৩/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।
- ১০। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে পরবর্তীতে আগ্রহী ঠিকাদারের অনুকূলে উপ-সূচি প্রদান হতে পারে এবং ব্যর্থ ঠিকাদারের বিরুদ্ধে চুক্তি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

স্বাক্ষর

প্রাপক : ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।
২। সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো।

(মোঃ মিজানুর রহমান)
উপ-পরিচালক

চলাচল পরিকল্পনা রেল ও সড়ক
ফোন : ০২-৯৫৫১৪২৮
তারিখঃ ১১/০৩/২০১৮ খ্রিঃ

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০০৫.১৮. ২০৭(২)/১০

অনুলিপি : সদয় অবগিত/অবগতির জন্য

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। অতিঃমহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী/রংপুর।
- ৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক,
- ৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ৬। ম্যানেজার (অপারেশন), বি,আর,টি,সি, ট্রাক ডিপো, তেজগাঁও, ঢাকা।
- ৭। মেসার্স----- কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদার।
- ৮। অফিস কপি।

স্বাক্ষর
উপ-পরিচালক (চপরেস)
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ।

২০১৮
০৩.০৩

চলমান পাতা-২

